

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

এমন ব্যবসায়ীকে কি দোকান ভাড়া দেওয়া বৈধ, যেটাতে হারাম জিনিষ বিক্রি করবে? এমন লোককে কি গাড়ি ভাড়া দেওয়া বৈধ, যে গান বাজনার অনুষ্ঠানে যাবে বা মাজারে যাবে? এমন লোককে কি বাড়ি ভাড়া দেওয়া বৈধ, যে তাতে ভিডিও হল করবে অথবা মদ তৈরির কারখানা করবে অথবা সেলুন খুলে দাড়ি চাছবে? এমন লোককে কি বাড়ি ভাড়া দেওয়া বৈধ, যে তাতে সুদী ব্যাংক চালাবে? ওই সকল ভাড়ার অর্থ কি হালাল?

কোন প্রকার অবৈধ কাজের জন্য নিজের বাড়ি গাড়ি বা অন্য কিছু ভাড়া দেওয়া হারাম। যেহেতু মহান আল্লাহ বলেছেন, "সৎ কাজ ও আত্নসংযমে তোমরা পরস্পর সহযোগিতা কর এবং পাপ ও সীমালজ্মনের কাজে একে অন্যের সাহায্য করো না। আর আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ শান্তিদানে অতি কঠোর।" (মায়িদাহঃ ২) আর হারাম কাজে ভাড়া দিয়ে যে অর্থ আসে তা হালাল নয়। যেহেতু মহানবী (সঃ) বলেছেন, "মহান আল্লাহ যখন কোন জিনিসকে হারাম করেন, তখন তার মূল্যকেও হারাম করেন। (আহমাদ, আবু দাউদ, দারাকুত্বনী, ত্বাবারানী, বাইহাকী প্রমুখ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2244

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন